Taxi & Limousine Commission

**Meera Joshi**
*কমিশনার/চেয়ার*

**Allan J. Fromberg**
*পাবলিক অ্যাফেয়ার্স*
frombera@tlc.nyc.gov

**Rebecca Harshbarger**
*পাবলিক অ্যাফেয়ার্স*
harshbargerR@tlc.nyc.gov

33 Beaver Street
22nd Floor
New York, NY 10004

# একবছরের জন্য কোন নতুন FHV গাড়ির লাইসেন্স পাওয়া যাবে না এবং WAV লাইসেন্স ফি-এর পরিবর্তন হয়েছে

আজ বিকেলে, New York City-এর মেয়র Bill de Blasio স্থানীয় আইন মেনে চলা ট্যাক্সি এবং ভাড়ার গাড়িগুলির( FHV) আইন পরিবর্তনের জন্য স্বাক্ষর করেছেন। অনুগ্রহ করে জানবেন যে এই পরিবর্তনগুলির মধ্যে দুটি পরিবর্তন আজ থেকেই কার্যকর হবে।

**নতুন FHV গাড়ির লাইসেন্সসমূহ**
আজ বিকাল 5:00টার মধ্যে, টিএলসি শুধুমাত্র হুইল চেয়ার প্রবেশযোগ্য গাড়িগুলির (WAVs) জন্য নতুন FHV গাড়ির লাইসেন্সসমূহ জারি করবে। এই এক-বছরের বিরাম FHV গাড়ির বর্তমান মালিকদের উপর প্রভাব ফেলবে না; শুধুমাত্র FHV গাড়ির লাইসেন্সের জন্য আবেদনকারীদের উপরই এর প্রভাব পড়বে। গাড়ির বেস অনুমোদন ফিল্ডের তারিখ ও সময় নির্ধারণ করবে যে এক-বছরের বিরাম প্রযোজ্য হবে কিনা:

- আজকে মঙ্গলবার 14ই জুলাই, 2018 তারিখ বিকেল 5:00টার আগে জমা করা বেস অনুমোদনগুলির জন্য, স্বাভাবিক FHV গাড়ির লাইসেন্স সংক্রান্ত আবশ্যকতা প্রযোজ্য। এই গাড়িগুলির উইলচেয়ার প্রবেশযোগ্যতার প্রয়োজন নেই।
- আজকে মঙ্গলবার 14ই জুলাই, 2018 তারিখ বিকেল 5:00টার পরে জমা করা বেস অনুমোদনগুলির জন্য, এক-বছরের বিরাম প্রযোজ্য হবে। এই গাড়িগুলিকে অবশ্যই হুইলচেয়ার প্রবেশযোগ্য হতে হবে। বেসগুলি নতুন FHV Wav গাড়ির লাইসেন্সের জন্য বেস অনুমোদন জমা করতে পারে যা শুরু হবে 23শে আগস্ট, 2018 তারিখে, নতুন আইনের ফলস্বরূপ পরবর্তী পরিবর্তনগুলি টিএলসি করবে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে, নির্দিষ্ট সীমিত পরিস্থিতিতে, একটি অপ্রবেশযোগ্য গাড়িকে টিএলসি নতুন FHV লাইসেন্স জারি করবে যদি চালকের গাড়িটি কেনার বিকল্প সহ দীর্ঘমেয়াদী লিজ থাকে এবং চালক যদি গাড়িটি কেনার সিদ্ধান্ত নিয়ে থাকেন। এই ব্যতিক্রমটি ঠিক হবে ক্ষেত্র বিশেষে এবং চালককে টিএলসির কাছে সেই দস্তাবেজগুলি জমা করতে হবে যা প্রদর্শন করে যে তারা এই ব্যতিক্রমের সুবিধা ভোগ করার উপযুক্ত। টিএলসি পরবর্তী সপ্তাহের মধ্যে তাদের ওয়েবসাইটে এই চালকদের জন্য ব্যতিক্রম প্রক্রিয়াটি পোস্ট করবে।

**WAV লাইসেন্সের ফি মুকুব**
আজ 14ই আগস্ট, 2018 তারিখ রাত 12:00 থেকে শুরু হচ্ছে, সবুজ ট্যাক্সি (SHL) পারমিটের সাথে ব্যবহৃত FHVগুলি সহ হলুদ ট্যাক্সি এবং FHV গাড়ির লাইসেন্স ফি মুকুব করা হবে যদি যে তারিখে নতুন লাইসেন্স বা লাইসেন্স পুনর্নবীকরণের আবেদনের তারিখের আগে যদি লাইসেন্সটি একটি উইলচেয়ার প্রবেশযোগ্য গাড়ি (WAV)-এর সাথে ব্যবহার করা হয়ে থাকে। বিশেষভাবে, নিম্নলিখিত মুকুব করা হবে যদি WAV নিম্নলিখিতভাবে ব্যবহার করা হয়ে থাকে:

- হলুদ ট্যাক্সি: $550 বার্ষিক লাইসেন্স ফি
- FHVs: $275 গাড়ির বার্ষিক লাইসেন্স ফি

গাড়ির পরিদর্শন এবং বানিজ্যিক গাড়ির ট্যাক্স (কমার্শিয়াল মোটর ভেহিকল ট্যাক্স) (CMVT) সহ অন্যান্য সমস্ত প্রযোজ্য ফিগুলি অবশ্যই প্রদান করা থাকতে হবে।

এই পরিবর্তন প্রতিফলিত করার জন্য টিএলসি বর্তমানে অনলাইন লাইসেন্সিং সিস্টেম আপডেট করছে। LARS আপডেট না হওয়া পর্যন্ত, FHV WAV পুনর্নবীকরণ করার জন্য অবশ্যই LARS-এ লাইসেন্স ফি প্রদান করা জারি রাখতে হবে এবং টিএলসি অর্থ ফেরৎ করবে। 23শে আগস্ট, 2018 তারিখে শুরু হবে, LARS-এ WAV গাড়ির মালিকদের উপর শুল্ক ধার্য করা হবে না। সেইসকল WAV গাড়ির মালিক যাদের লাইসেন্সের মেয়াদ 23শে আগস্ট, 2018 তারিখে আগে উত্তীর্ণ হবে না তাদেরকে পুনরায় আবেদন করার এই দিন পর্যন্ত অপেক্ষা করতে উৎসাহিত করা হয়।

অনুগ্রহ করে মনে রাখবেন, 14ই আগস্ট, 2018 তারিখ রাত 12:00টার আগে জমা করা WAV-এর নতুন বা পুনর্নবীকরণ লাইসেন্সের জন্য কোনরকম অর্থ ফেরৎ দেওয়া হবে না।